25


দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 DE ... 1990 ...
পৃষ্ঠা ... কলাম ...


# জামালপুরে ছাত্র সংঘর্ষে অধ্যাপক ও সেনা হাবিলদারসহ আহত ৫

জামালপুর হইতে সংবাদদাতা ॥ গত মঙ্গলবার সরকারী আশেক মাহমুদ বিশ্ববিদ্যালয় কলেজে দুই গ্রুপ ছাত্রের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষে একজন অধ্যাপক ও একজন সেনাবাহিনীর হাবিলদারসহ ৩ জন ছাত্র গুরুতর আহত হইয়াছে। আহতরা হইতেছে অধ্যাপক আনোয়ার হোসেন, হাবিলদার ইদ্রিস, ছাত্র আল আমীন, রাসেল ও কামাল। ইহাদের মধ্যে আল আমীন ও কামালকে আশঙ্কাজনক অবস্থায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হইয়াছে। বাকীদের জামালপুর হাসপাতালে ভর্তি করা হয়। প্রত্যক্ষদর্শীরা জানায়, শহরের বনপাড়া ও পাথালিয়া এলাকার দুইগ্রুপ ছাত্রের মধ্যে পূর্ব শত্রুতার জের ধরিয়া মঙ্গলবার সংঘর্ষ বাধে। সংঘর্ষ থামাইতে অধ্যাপক আনোয়ার ও বিএনসিসি'র প্রশিক্ষক সেনাবাহিনীর সদস্য হাবিলদার ইদ্রিস আগাইয়া আসিলে তাহাদের উপর হামলা চালানো হয়। রামদায়ের কোপে এই দুইজন আহত হয় এবং সংঘর্ষে বনপাড়ার আল-আমীন এবং পাথালিয়ার রাসেল ও কামাল গুরুতর আহত হয়। ঘটনায় কলেজ ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করিতেছে।